মাশিঅ'র ওয়েবসাইটে আপলোড করা হলো।

মাহফুজা ইয়াছমিন (০১৬৮৬২)
সহকারী পরিচালক (প্রশাসন)
বিসিএস (সাধারণ শিক্ষা)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর,ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
সরকারি ও সিনিয়র মাদ্রাসা শাখা-০১
গাইড হাউস (৭ম ও ১০ম তলা)নিউ বেইলী রোড, ঢাকা।
www.dme.gov.bd

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০১০.১৫.০০৩.২২.২৫২৭

তারিখ: ১৭ আশ্বিন ১৪২৯
০২ অক্টোবর ২০২২

বিষয়: সিরাজগঞ্জ জেলার শাহজাদপুর উপজেলাধীন বাঘাবাড়ী ফাজিল মাদ্রাসায় কর্মরত এমপিওভুক্ত ১৯ জন শিক্ষক/কর্মচারীর এমপিও শীটে বিদ্যমান পদবী ও বিষয় সংশোধন/সংযোজনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

সূত্র: (১) useo, শাহজাদপুর, সিরাজগঞ্জ এর প্রত্যয়ন/স্মারক নং-৩৭.০২.৮৮৬৭.০০০.৯৯.০২৫.২০২২-১২৪; তারিখ: ১৬/০৬/২০২২ খ্রি.

(২) তদন্ত কমিটির প্রতিবেদন, স্মারক নং- ৫৭.২৫.০০০০.০১০.১৩.০০১.১৬-২৭; তারিখ: ২৪/০৮/২০২২ খ্রি.

(ডকেট নং-১২৩১০; তারিখ: ০৮.০৯.২০২২ খ্রি.)

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সিরাজগঞ্জ জেলার শাহজাদপুর উপজেলাধীন বাঘাবাড়ী ফাজিল মাদ্রাসায় কর্মরত এমপিওভুক্ত ১৯ জন শিক্ষক/কর্মচারীর এমপিও শীটে পদবী ও বিষয় সংশোধন/সংযোজনের আবেদন সূত্রোক্ত ১ নং স্মারকে useo, শাহজাদপুর, সিরাজগঞ্জ এর মাধ্যমে বর্ণিত মাদ্রাসার অধ্যক্ষের আবেদন অত্র অধিদপ্তরে অগ্রায়ন করা হয় (সংযুক্ত)

২। উল্লিখিত আবেদনটি নিষ্পত্তির লক্ষ্যে যাচাই-বাছাই ও তদন্তপূর্বক প্রমাণকসহ সুনির্দিষ্ট মতামত প্রদানপূর্বক প্রতিবেদন দাখিলের জন্য জনাব মো: শহীদ লতিফ, পরিদর্শক (সহযোগী অধ্যাপক)-মাশিঅ এবং জনাব মোহাম্মদ হেলাল উদ্দিন, পরিদর্শক (সহযোগী অধ্যাপক)., মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর এর সমন্বয়ে গঠিত কমিটিকে দায়িত্ব প্রদান করা হয়। সূত্রোক্ত ০২ নং স্মারকে তদন্ত কমিটি প্রতিবেদন দাখিল করেন। তদন্ত কমিটির সুপারিশসহ মতামত নিম্নরূপ: সিরাজগঞ্জ জেলার শাহজাদপুর উপজেলাধীন বাঘাবাড়ী ফাজিল মাদ্রাসায় কর্মরত শিক্ষক/কর্মচারীগণের এমপিওশীটে পদবী ও বিষয় সংশোধনের আবেদন যাচাই বাছাইপূর্বক নিম্নে বর্ণিত তালিকার ১৯ জন শিক্ষক কর্মচারীর পদবী ও বিষয় সংশোধনের সুপারিশ করা হলো।"

৩। তদন্ত কমিটির প্রতিবেদনের মতামত, useo, শাহজাদপুর, সিরাজগঞ্জ এর সুপারিশসহ অগ্রায়ন এবং প্রতিকার প্রার্থী/অধ্যক্ষের দাখিলকৃত ডকুমেন্টস এর ভিত্তিতে বিদ্যমান এমপিও শীটের নিম্নে বর্ণিত শিক্ষক/কর্মচারীর পদবী ও বিষয় নিম্নরূপে নির্ধারন করা হলো:-

| ক্রমিক নং | নাম ও ইনডেক্স | এমপিও শীটে বিদ্যমান | কমিটির সুপারিশকৃত পদবী ও বিষয় | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | MD.AMIR HAMZA<br>Index: R380853 | পদবী- AP<br>বিষয়-নেই | পদবী- AP<br>বিষয়-ARABIC | সংশোধনযোগ্য |
| ২ | MD ANISUR RAHMAN<br>Index: R389290 | পদবী- LEC<br>বিষয়-নেই | পদবী- LEC<br>বিষয়-ARABIC | সংশোধনযোগ্য |
| ৩ | MD MIZANUR RAHMAN<br>Index: R397460 | পদবী- LEC<br>বিষয়- নেই | পদবী- LEC<br>বিষয়- HUMANITIES | সংশোধনযোগ্য |
| ৪ | MD NAZIM UDDIN, Index: R095790 | পদবী- নেই | পদবী- AM | সংশোধনযোগ্য |
| ৫ | MOHAMMD ALI, Index: R380854 | পদবী- নেই | পদবী- AM | সংশোধনযোগ্য |
| ৬ | MD. TARIQUL ISLAM<br>Index: R684899 | পদবী- নেই<br>বিষয়-নেই | পদবী- AT<br>বিষয়- PHYSICL SCIENCE | সংশোধনযোগ্য |
| ৭ | MD ABDUL WADUD<br>Index: R683940 | পদবী - LIB<br>বিষয়- নেই | পদবী - AL<br>বিষয়- LIBRARY & INFORMATION SCIENCE | সংশোধনযোগ্য |
| ৮ | MD GOLAM MOSTAFA<br>Index: R683939 | পদবী - AT<br>বিষয় -নেই | পদবী - AT<br>বিষয়-<br>SOCIAL SCIENCE | সংশোধনযোগ্য |
| ৯ | MD MANIK HOSSAIN<br>Index: R2014751 | পদবী- AGT<br>বিষয়-নেই | পদবী- AT<br>বিষয়-<br>AGRICULTURE | সংশোধনযোগ্য |
| ১০ | MD SHAHADAD HOSSAIN<br>Index: R2031973 | পদবী- PHT<br>বিষয়-নেই | পদবী- AT<br>বিষয়- PHYSICL EDUCATION | সংশোধনযোগ্য |

| | | | | |
|---|---|---|---|---|
| ১১ | MD. SHAMSUL ISLAM<br>Index: R380855 | পদবী- নেই<br>বিষয়-নেই | পদবী- AM<br>বিষয়-প্রযোজ্য নয় | সংশোধনযোগ্য |
| ১২ | MD.IDRIS ALI SHIRAJI<br>Index: R689186 | পদবী- নেই<br>বিষয়-নেই | পদবী- AT<br>বিষয়- MATHEMATICS | সংশোধনযোগ্য |
| ১৩ | MD.ABDUL GANI, Index: R095799 | পদবী - EB | পদবী- EB-M | সংশোধনযোগ্য |
| ১৪ | MD.ESMOT ALI, Index: R2002039 | পদবী - EB | পদবী:EB-T | সংশোধনযোগ্য |
| ১৫ | MD SHIMUL ISLAM, Index: R2031974 | পদবী- নেই | পদবী-OA-CO | সংশোধনযোগ্য |
| ১৬ | MD.ABU SHAMA, Index: R681158 | পদবী- নেই | পদবী-S-GUARD | সংশোধনযোগ্য |
| ১৭ | MD. ABDUL LATIF, Index: R683938 | পদবী- নেই | পদবী- CLEANER | সংশোধনযোগ্য |
| ১৮ | MD MOZIBUR RAHMAN<br>Index: R684877 | পদবী- নেই | পদবী- N-GUARD | সংশোধনযোগ্য |
| ১৯ | MST. RANU KHATUN<br>Index: M0013706 | পদবী- AYA | পদবী- AYAH | সংশোধনযোগ্য |

৪। এমতাবস্থায়, useo, শাহজাদপুর, সিরাজগঞ্জ এর সুপারিশসহ অগ্রায়ন, প্রতিকার প্রার্থীগণের আবেদন, ম্যানেজিং কমিটির সুপারিশ, বিদ্যমান এমপিওশীট পর্যালোচনা এবং তদন্ত কমিটির সুপারিশের ভিত্তিতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে উপরিউক্ত ছকে বর্ণিত ১৯ জন শিক্ষক-কর্মচারীর বিদ্যমান এমপিও শীটে পদবী ও বিষয় সংযোধন/সংযোজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো এবং যাথাযথ ব্যবস্থা গ্রহনপূর্বক বাস্তাবায়ন প্রতিবেদন (Compliance Report) দাখিলের জন্য অনুরোধ করা হলো।

শর্তসমূহ:

১। পরবর্তীতে কোন তথ্য ভুল/মিথ্যা প্রমাণিত হলে সংশ্লিষ্ট আবেদনকারী, সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান, সংশ্লিষ্ট তদন্তকারী কর্মকর্তাগণ দায়ী থাকবে।

২। সরকারের অর্থের কোন প্রকার অপচয়/তছরুপ হলে সংশ্লিষ্ট আবেদনকারী, প্রতিষ্ঠান প্রধান উক্ত অর্থ ফেরত দিতে বাধ্য থাকিবে।

৩।পরবর্তীতে নিয়োগ সংক্রান্ত/অন্যান্য ডকুমেন্টস্ ভুল/মিথ্যা/জাল প্রমাণিত হলে উক্ত শিক্ষক সরকারের যে কোন আইনানুগ শাস্তি গ্রহণে বাধ্য থাকবে।

**৪। উপরিউক্ত ছকে বর্ণিত সকল শিক্ষক/কর্মচারীর পদবী ও বিষয় পরিবর্তন/সংশোধন/সংযোজন হলে প্রতিকার প্রার্থীগণ কোনরূপ বকেয়া দাবি করতে পারবে না।**

৫।পরবর্তীতে এতদসংক্রান্ত কোন ডকুমেন্টস/তথ্যাদিভুল/মিথ্যা/জাল প্রমাণিত হলে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর তাৎক্ষণিকভাবে অত্র আদেশ সম্পূর্ণ/আংশিক বাতিল কিংবা সংশোধন করতে পারবে। এতে কোনরূপ আপত্তি উত্থাপন/আইনের আশ্রয় গ্রহণ করা যাবেনা।

সংযুক্তি: ১২ ফর্দ।

২-১০-২০২২
কে, এম, রুহুল আমীন
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

পরিচালক (প্রশাসন ও অর্থ) এবং প্রকল্প পরিচালক,
মেমিস, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০১০.১৫.০০৩.২২.২৫২৭/১(৪)

তারিখ: ১৭ আশ্বিন ১৪২৯
০২ অক্টোবর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সচিবের একান্ত সচিব (সিনিয়র সহকারী সচিব), সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।

২) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শাহজাদপুর, সিরাজগঞ্জ।

৩) সভাপতি/অধ্যক্ষ, বাঘাবাড়ী ফাজিল মাদ্রাসা, শাহজাদপুর, সিরাজগঞ্জ।

৪) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।

২-১০-২০২২
মো: বাদশা মিয়া
পরিদর্শক (সহযোগী অধ্যাপক)